



## বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ

ছিন ব্যাংকিং এন্ড সিএসআর ডিপার্টমেন্ট

জুন ৩, ২০১৪

তারিখ : -----

জ্যৈষ্ঠ ২০, ১৪২১

জিবিসিএসআরডি সার্কুলার নং : ৩/২০১৪

ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী

বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক ও

আর্থিক প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়া, ইটভাটার চুল্লীর দক্ষতা উন্নয়ন (Brick Kiln Efficiency Improvement) খাতে পুনঃঅর্থায়ন প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে এসিএফআইডি সার্কুলার নং-২/২০১২ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের সাথে পর্যালোচনা সভায় গৃহীত সুপারিশ অনুযায়ী বাংলাদেশ সরকারের সাথে এশীয় উন্নয়ন ব্যাংকের সম্পাদিত চুক্তির শর্তাদি সংশোধিত হওয়ায় অত্র সার্কুলারের মাধ্যমে প্রয়োজনীয় সংশোধন আনয়ন করা হলো। এতদসূত্রে জিবিসিএসআরডি সার্কুলার নং : ৩/২০১৪ এর দ্বারা ইতোপূর্বে জারীকৃত এসিএফআইডি সার্কুলারটি (নং-২/২০১২) প্রতিস্থাপিত হলো।

আপনারা অবহিত রয়েছেন যে, দেশের ইটভাটাগুলোতে কার্বন নির্গমন হ্রাস এবং জ্বালানির যথাযথ ব্যবহারের মাধ্যমে ইটভাটার চুল্লীর দক্ষতা উন্নয়নের মাধ্যমে পরিবেশ বান্ধব ইটভাটা স্থাপনের লক্ষ্যে এশীয় উন্নয়ন ব্যাংক (ADB) এর আর্থিক সহযোগিতায় বাংলাদেশ ব্যাংকে একটি পুনঃঅর্থায়ন তহবিল গঠন করা হয়েছে। উক্ত তহবিলে এডিবিং আর্থিক সহায়তার পরিমাণ প্রায় ৫০.০০ মিলিয়ন মার্কিন ডলার/সমমূল্যের বাংলাদেশী মুদ্রা যার মধ্যে পার্ট-এ (ADB'S Ordinary Capital Resources) এর জন্য Fixed Chimney Kiln (FCK) হতে Improved Zigzag Kiln এ (পরিবেশ অধিদণ্ডের কর্তৃক গ্রহণযোগ্য ডিজাইন অনুযায়ী) রূপান্তর/উন্নয়ন খাতে পুনঃঅর্থায়নযোগ্য অর্থের পরিমাণ ৩০.০০ মিলিয়ন মার্কিন ডলার/সমমূল্যের বাংলাদেশী মুদ্রা এবং পার্ট-বি (ADB'S Special Funds Resources) এর জন্য নতুনভাবে Vertical Shaft Brick Kiln (VS BK), Hybrid Hoffman Kiln (HHK), Tunnel Kiln ও পরিবেশ অধিদণ্ডের নিকট গ্রহণযোগ্য অন্য যে কোন প্রযুক্তিতে ইটভাটা নির্মাণ খাতে পুনঃঅর্থায়নযোগ্য অর্থের পরিমাণ এসডিআর ১২,৯৭২,০০০ (বার মিলিয়ন নয়শত বাহাতুর হাজার এসডিআর) যা প্রায় ২০.০০ মিলিয়ন মার্কিন ডলার/সমমূল্যের বাংলাদেশী মুদ্রা। দেশের ইটভাটায় অর্থায়নকারী যোগ্য তফসিলী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলোকে গ্রাহক পর্যায়ে খাণ প্রদানের বিপরীতে উক্ত তহবিলের আওতায় পুনঃঅর্থায়ন সুবিধা প্রদান করা হবে। এই তহবিলের অধীনে পুনঃঅর্থায়ন সুবিধা প্রাপ্তির ক্ষেত্রে যে সব শর্ত প্রযোজ্য হবে তার পূর্ণাঙ্গ বিবরণ নিম্নরূপ :

১. আলোচ্য তহবিলের আওতায় পুনঃঅর্থায়ন সুবিধা প্রাপ্তে আগ্রাহী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলো ছিন ব্যাংকিং এন্ড সিএসআর ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা এর সাথে একটি অংশগ্রহণ চুক্তিনামা (Participation Agreement ) সম্পাদন করতে হবে। অংশগ্রহণকারী প্রতিষ্ঠানকে অবশ্যই চুক্তির শর্তাবলী পালনের সক্ষমতা থাকতে হবে।
২. গঠিত পুনঃঅর্থায়ন তহবিলটি আবর্তনশীল হবে। এই তহবিলের আওতায় ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলো বর্ণিত খাতে কোন একক প্রকল্পে সর্বোচ্চ ৫.০০ মিলিয়ন মার্কিন ডলার/সমমূল্যের বাংলাদেশী মুদ্রায় অর্থায়ন করতে পারবে। তবে এই তহবিলের আওতায় ২.০০ মিলিয়ন মার্কিন ডলারের অধিক পুনঃঅর্থায়ন সুবিধা প্রাপ্তির ক্ষেত্রে এডিবি (ADB) হতে পূর্বানুমোদন গ্রহণ করতে হবে এবং অংশগ্রহণকারী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের আবেদনের প্রেক্ষিতে বাংলাদেশ ব্যাংক এ অনুমোদন গ্রহণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।
৩. অংশগ্রহণকারী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলো কর্তৃক উপযুক্ত উদ্যোগাকে প্রদত্ত খণ্ডের মেয়াদ হবে রেয়াতী সময় সর্বোচ্চ ১৮(আঠার) মাসসহ সর্বোচ্চ ৭(সাত) বছর।
৪. ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলোকে কোন একক প্রকল্পে প্রাক্লিত ব্যয়ের সর্বোচ্চ ৫০% পর্যন্ত এই তহবিল হতে পুনঃঅর্থায়ন সুবিধা প্রদান করা হবে। ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান এবং উদ্যোগাকা যথাক্রমে ২০% ও ৩০% অর্থায়ন করবে। পুনঃঅর্থায়ন সুবিধা আগে আসলে আগে পাবেন ভিত্তিতে প্রদেয় হবে।
৫. বাংলাদেশ ব্যাংক প্রদত্ত পুনঃঅর্থায়নের উপর বিদ্যমান ব্যাংক রেটে (Prevailing Bank Rate) সুদ হার প্রযোজ্য হবে। এ খাতে গ্রাহক পর্যায়ে প্রদত্ত খণ্ডের ক্ষেত্রে বাজার ভিত্তিক সুদ হার প্রযোজ্য হবে। বাংলাদেশ ব্যাংকের বিদ্যমান নৌতিমালা ও নির্দেশনার আলোকে তহবিল ব্যয়, পরিচালন ব্যয়, খণ বুঁকি ইত্যাদি বিবেচনাপূর্বক সুদহার যুক্তিসঙ্গত পর্যায়ে নির্ধারণ করতে হবে।

৬. ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহকে প্রদেয় পুনঃঅর্থায়ন সুবিধার মেয়াদ হবে সর্বোচ্চ ৭(সাত) বছর। এই তহবিলের আওতায় পুনঃঅর্থায়ন সুবিধা গ্রহণের তারিখ থেকে সর্বোচ্চ ১৮ মাস রেয়াতী সময়সহ ঘানাসিক কিসিতে সাত বছরে সুদসহ পরিশোধযোগ্য হবে। পরিশোধসূচী অনুযায়ী আদায়যোগ্য পুনঃঅর্থায়ন অর্থের কিসি নির্ধারিত তারিখে বাংলাদেশ ব্যাংকে রাখিত সংশ্লিষ্ট ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের চলতি হিসাব হতে আদায়/সমষ্টি করা হবে।
৭. ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ বাংলাদেশ ব্যাংক কর্তৃক সরবরাহকৃত ছকে ত্রৈমাসিক ভিত্তিতে (ত্রৈমাসিক শেষে ১৫ দিনের মধ্যে) নির্বাচিত প্রকল্পে বিতরণকৃত মোট খণ্ডের বিপরীতে পুনঃঅর্থায়নের জন্য বাংলাদেশ ব্যাংক বরাবরে আবেদনপত্র দাখিল করবে। আবেদনপত্রের সাথে নির্বাচিত প্রকল্পের প্রয়োজনীয় তথ্য/দলিলাদি নির্ধারিত ছকে দাখিল করতে হবে। পুনঃঅর্থায়ন দাবীর সাথে প্রকল্প সম্পন্ন করার ক্ষেত্রে সুনির্দিষ্ট সকল শর্ত পূরণ হয়েছে মর্মে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানকে প্রত্যয়নপত্র দাখিল করতে হবে। কোন প্রকল্পে মোট বিতরণকৃত খণ্ডের বিপরীতে প্রকল্পটি পরিকল্পিতভাবে চালু অবস্থায় পুনঃঅর্থায়নের অর্থ ছাড় করা হবে।
৮. আলোচ্য ক্ষীমের তহবিল ব্যবস্থাপনার সুবিধার্থে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলো প্রতি ৬ মাস সময়ের জন্য ক্ষীমের আওতায় নির্ধারিত খাতে সঙ্গাব্য খণ্ড বিতরণের পরিমাণ ও তার বিপরীতে প্রয়োজনীয় পুনঃঅর্থায়ন দাবীর পরিমাণ সম্পর্কে একটি আগাম প্রাকলন দাখিল করতে পারবে।
৯. বাংলাদেশ এ্যাকাউন্টিং স্ট্যান্ডার্ড/আইএফআরএস অনুযায়ী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলো তাদের প্রকল্পসমূহের জন্য পৃথক হিসাব খুলবে। উক্ত হিসাব এবং আর্থিক বিবরণীসমূহ (ব্যালান্স সীট, আয়-ব্যয়ের হিসাব বিবরণী) বাংলাদেশ ব্যাংক এবং এডিবি কর্তৃক গ্রহণযোগ্য প্রতিযোগিতামূলক নির্বাচনী প্রক্রিয়ার মাধ্যমে নির্বাচিত অডিট ফার্ম কর্তৃক যথাযথ এ্যাকাউন্টিং স্ট্যান্ডার্ড অনুযায়ী বছরে একবার নিরীক্ষা করাতে হবে। উক্ত নিরীক্ষা প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত রিপোর্ট (ইংরেজীতে) এবং সংশ্লিষ্ট হিসাব ও আর্থিক বিবরণীসমূহ নির্দিষ্ট অর্থবছর শেষ হবার ৩(তিনি) মাসের মধ্যে বাংলাদেশ ব্যাংকের নিকট দাখিল করতে হবে। অর্ধবার্ষিক অ-নিরাক্ষিত হিসাব বিবরণীসমূহ অর্থবছরের সগূর্হ মাসে বাংলাদেশ ব্যাংকের নিকট রিপোর্ট করতে হবে। আর্থিক, পরিচালন ও কার্ডমোগত কোন পরিবর্তন হলে তা বাংলাদেশ ব্যাংকের নিকট রিপোর্ট করতে হবে এবং খণ্ডের গুরগত মান পরিবর্তন হলে বা শর্ত পরিবর্তন করা হলে অত্র বিভাগকে অবহিত করতে হবে।
১০. ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক অংশগ্রহণ চুক্তির কোন শর্ত লঙ্ঘিত হলে এবং ভুল তথ্য প্রদানের মাধ্যমে পুনঃঅর্থায়ন সুবিধা গ্রহণ করা হলে উক্তক্রমে গৃহীত অর্থের উপর সংশ্লিষ্ট ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের নিকট থেকে ব্যাংক রেট অপেক্ষা অতিরিক্ত ৫% হারে সুদসহ সমুদয় বকেয়া খণ্ড এককালীন আদায় করা হবে।
১১. প্রকল্পের মূলধন যন্ত্রপাতিসহ অন্যান্য উপকরণ এডিবি'র সদস্যভুক্ত দেশ হতে সংগ্রহ করতে হবে। এক্ষেত্রে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করতে হবে।
১২. বাংলাদেশ ব্যাংক ও এডিবি পুনঃঅর্থায়ন দাবীকৃত প্রকল্পসমূহ, প্রকল্প সংশ্লিষ্ট দলিলাদি, হিসাবরক্ষণ, লেনদেন, প্রকল্প এলাকা এবং সংশ্লিষ্ট ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান যে কোন সময় পরিদর্শন করতে পারবে।
১৩. ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক অর্থায়িত প্রকল্প বাস্তবায়নের অগ্রগতি এডিবি এর নিকট রিপোর্টিং এবং পুনঃঅর্থায়ন বাবদ গৃহীত খণ্ডের সন্দ্বয়বহুর যাচাই এর লক্ষ্যে প্রয়োজনীয় তথ্যাবলী বাংলাদেশ ব্যাংকের নিকট ত্রৈমাসিক ভিত্তিতে নির্ধারিত ছকে দাখিল করতে হবে।
১৪. খণ্ডকু কার্যকর (নভেম্বর ৮, ২০১২) হওয়ার পরবর্তী সময়ে বিতরণকৃত খণ্ডের ক্ষেত্রেই কেবলমাত্র এ খণ্ড সুবিধা প্রযোজ্য হবে।
১৫. আলোচ্য তহবিলের আওতায় পুনঃঅর্থায়ন সুবিধা প্রাপ্তির জন্য নিম্নরূপ শর্ত পূরণে সক্ষম ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহকে যোগ্য বলে বিবেচনা করা হবে :
- ক. Brick Kiln Energy Efficiency Improvement Project এর অর্থায়ন কার্যক্রমে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের অবশ্যই পরিকল্পনা কৌশল ও খণ্ড নীতিমালা থাকতে হবে। পূর্বে এ খাতে অর্থায়নের সন্তোষজনক রেকর্ড থাকলে সে সব ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানকে অগ্রাধিকার দেয়া হবে।
- খ. প্রত্যেক অংশগ্রহণকারী প্রতিষ্ঠানের বাংলাদেশ ব্যাংক কর্তৃক স্বীকৃত ও এডিবি'র নিকট গ্রহণযোগ্য যে কোন Credit Rating Agency কর্তৃক ন্যূনতম বিবিবি-(BBB-) ক্রেডিট রেটিং (নির্ধারিত সময়ে দায় পরিশোধে মধ্যমানের সক্ষমতা) থাকতে হবে এবং প্রকল্প চলাকালীন সময়ে তা বজায় রাখতে হবে।
- গ. প্রত্যেক অংশগ্রহণকারী প্রতিষ্ঠানকে বাংলাদেশ ব্যাংকের প্রযোজ্য নির্দেশনা এবং প্রচ্ছেদনশিয়াল গাইডলাইনস পরিপালনে সক্ষম হতে হবে। বিশেষতঃ ন্যূনতম বুঁকিভিত্তিক মূলধন সংরক্ষণ, সম্পদের সন্তোষজনক উপার্জন ক্ষমতা বজায় রাখা, আর্থিক অভিঘাত সহনীয় পর্যায়ের শ্রেণীকৃত খণ্ডের হার বজায় রাখা, সম্পদের ক্ষতির যথাযথ সংস্থান রাখাসহ মানি লভারিং প্রতিরোধ আইন পরিপালনে সক্ষমতা থাকতে হবে।

- ঘ. অংশগ্রহণকারী প্রতিষ্ঠানের এভিবি'র শর্ত অনুযায়ী পরিবেশগত ও সামাজিক নিরাপত্তা ব্যবস্থাপনা পদ্ধতি (Environmental and Social Safeguards Management System) থাকতে হবে এবং পরিবেশগত ও সামাজিক নিরাপত্তা ইসু চিহ্নিতকরণ, প্রতিকার, পরিপালন এবং তত্ত্বাবধানের জন্য প্রশিক্ষিত জনবল থাকতে হবে।
- ঙ. অংশগ্রহণকারী প্রতিষ্ঠানকে কর্পোরেট গভর্নেন্স বিধিমালা ও নির্দেশনা পরিপালন করতে হবে যার মধ্যে কর্পোরেট গভর্নেন্স এর উদ্দেশ্য, স্ট্রাটেজিক কাঠামো ও কার্যকর কোশল চিহ্নিতকরণ, তত্ত্বাবধান, ব্যবসায়িক ঝুঁকি ব্যবস্থাপনা, ডিসকোজার বৃদ্ধি এবং বিধিবদ্ধ বিধানাবলী পরিপালন নিশ্চিতকরণ অন্তর্ভুক্ত থাকবে।
- ঘ. প্রত্যেক অংশগ্রহণকারী প্রতিষ্ঠানের সঠিক ঝুঁকি ব্যবস্থাপনার (ঝণঝুঁকি, দায়-সম্পদ ঝুঁকি ও পরিচালন ঝুঁকিসহ অন্যান্য ঝুঁকি) বাস্তব সক্ষমতা থাকতে হবে।
- চ. অংশগ্রহণকারী প্রতিষ্ঠানের Brick Kiln Energy Efficiency Improvement Project এ অর্থায়নের জন্য সিনিয়র ম্যানেজমেন্ট অথবা পরিচালক পর্যবেক্ষক কর্তৃক অনুমোদিত একটি ব্যবসায়িক পরিকল্পনা থাকতে হবে। উক্ত পরিকল্পনায় প্রত্যাশিত ও উপযুক্ত উদ্যোগ নির্বাচন এবং প্রকল্প বাস্তবায়নের জন্য নিজস্ব ব্যবস্থাপনার (পর্যাপ্ত ও প্রশিক্ষিত জনবল নিয়োগ, প্রকল্প মূল্যায়ন, নতুন প্রকল্প অনুমোদন এবং মনিটরিং) বিষয়টি অন্তর্ভুক্ত থাকতে হবে।
- ছ. অংশগ্রহণকারী প্রতিষ্ঠানকে আর্থিকভাবে সক্ষম হতে হবে এবং উক্ত আর্থিক ব্যবস্থাপনা নীতি অনুযায়ী পরিচালিত হতে হবে। প্রকল্পের আর্থিক, কারিগরী, পরিবেশগত ও অর্থনৈতিক সম্ভাব্যতা যাচাইয়ে বাংলাদেশ ব্যাংক ও এভিবি'র নিকট এহণযোগ্য ঝণ ও বিনয়োগ নীতিমালা গ্রহণ, প্রকল্প বাস্তবায়ন, তত্ত্বাবধান ও ঝণ আদায় তদৱকি করতে হবে।

#### ১৬. উপযুক্ত উদ্যোগ/প্রকল্প নির্বাচনের ক্ষেত্রে প্রযোজ্য শর্তাবলী :

- ক. 'পার্ট-এ' তে Fixed Chimney Kiln (FCK) হতে Improved Zigzag Kiln এ রূপান্তর/উন্নয়নের ক্ষেত্রে বাংলাদেশ পরিবেশ অধিদপ্তরের অনুমোদিত নমুনা মোতাবেক চুল্লি/চিমনি নির্মাণ করতে হবে এবং এ বিষয়ে যাবতীয় তথ্য বাংলাদেশ পরিবেশ অধিদপ্তরের ওয়েবসাইটে ([www.doe-bd.org](http://www.doe-bd.org)) প্রাপ্ত্য যাবে।
- খ. 'পার্ট-বি' তে নতুনভাবে Vertical Shaft Brick Kiln (VS BK), Hybrid Hoffman Kiln (HHK), Tunnel Kiln ও অন্যান্য প্রযুক্তির ইটভাটা নির্মাণের ক্ষেত্রে পরিবেশ অধিদপ্তরের অনুমোদিত নমুনা মোতাবেক ড্রাইয়ার ও চুল্লি নির্মাণ করতে হবে অথবা ড্রাইয়ার ও চুল্লীর নকশা ও নির্মাণ শৈলী আন্তর্জাতিক মানসম্পত্তি হলেও এহণযোগ্য হবে।
- গ. এভিবি এবং বাংলাদেশ ব্যাংক কর্তৃক পরবর্তী কোন নির্দেশনা প্রদান না করা পর্যন্ত প্রকল্পের "পার্ট-বি" এর আওতায় উপযুক্ত প্রকল্প নির্বাচনের ক্ষেত্রে পর্যায়ক্রমে সর্বাঙ্গে Tunnel Kiln, এরপর Hybrid Hoffman Kiln (HHK) এবং সবশেষে Vertical Shaft Brick Kiln (VS BK) প্রযুক্তি সম্পন্ন প্রকল্পকে প্রাধান্য দেয়া হবে।
- ঘ. প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে ADB Safeguard Policy Statement-2009 অনুসারে কোন ব্যক্তি বা ক্ষুদ্র জাতিগোষ্ঠীকে উচ্ছেদ করা যাবে না।
- ঙ. ADB Environmental Assessment Guidelines-2003 (as revised from time-to-time) অনুযায়ী প্রকল্পটিতে পরিবেশগত কোন বিরূপ প্রভাব থাকবে না।
- চ. উদ্যোগ প্রতিষ্ঠানকে প্রকল্প স্থাপন, বাস্তবায়ন ও পরিচালনার ক্ষেত্রে স্বাস্থ্য ও নিরাপত্তা সংক্রান্ত দেশের প্রচলিত আইন এবং আন্তর্জাতিক শর্ম আইনের মানদণ্ডে উল্লিখিত বিষয়সমূহ যেমন : ১) শিশু শর্ম নিষিদ্ধকরণ, ২) লিঙ্গ, বর্ণ, গোত্র জাতি নির্বিশেষে সমান কাজের জন্য সমান মজুরি নির্ধারণ, ৩) বাধ্যতামূলক শর্ম বাতিল, ৪) সংঘ/সমিতি গঠনের অধিকার প্রদান ইত্যাদি পরিপালন করতে হবে।
- ছ. Gender Action Plan (GAP) এর সংশ্লিষ্ট শর্তসমূহ যেমন : ১) গৃহীত প্রকল্পের মোট জনবলের ১০% নারী শ্রমিক নিয়োগ ২) শ্রমিক নির্যাগের ক্ষেত্রে FCK বন্ধ হওয়ার দরকান ক্ষতিহস্ত নারী শ্রমিকগণকে অগ্রাধিকার প্রদান ৩) সমান কাজের জন্য সমান মজুরি নির্ধারণ ৪) নারী এবং পুরুষ শ্রমিকের জন্য অন্যান্য সুবিধাদি সম্ভাবনে নিশ্চিত করতে হবে।
- জ. উদ্যোগ প্রতিষ্ঠানকে Economically and Financially Viable হতে হবে।
- ঝ. ADB Safeguard Policy Statement (<http://www.adb.org>-এ সংযুক্ত) অনুসারে অর্থায়নযোগ্য নয় এমন কোন খাতে আলোচ্য প্রকল্পের অর্থ ব্যয় করা যাবে না।

#### ১৭. 'পার্ট-এ' এর ক্ষেত্রে উপযুক্ত উদ্যোগ নির্বাচনের জন্য প্রযোজ্য শর্তাবলী :

- ক. উপযুক্ত কর্তৃপক্ষের লাইসেন্স প্রাপ্তি এবং অনুমোদনক্রমে Fixed Chimney Kiln (FCK) খাতের প্রকল্প পরিচালনার অভিজ্ঞতা থাকতে হবে।

(পরবর্তী পৃষ্ঠা-8)

খ. প্রকল্পের প্রাক্কলিত খরচের কমপক্ষে ৩০% উদ্যোক্তাকে প্রারম্ভিকভাবে বহন করতে হবে।

গ. উদ্যোক্তাকে লিখিতভাবে প্রতিশ্রূতি দিতে হবে যে, তিনি Improved Zigzag Kiln, VSBK, HHK ও Tunnel Kiln এর স্বত্ত্বাধিকারীই থাকবেন বা এ প্রকল্পই পরিচালনা করবেন এবং প্রকল্পের মেয়াদ শেষে Bull's Trench Kiln, Greenfield Zigzag Kiln বা FCK এর ন্যায় কম সক্ষমতাসম্পন্ন প্রকল্পের স্বত্ত্বাধিকারী হবেন না বা এ প্রকল্পগুলো পরিচালনা করবেন না।

ঘ. উদ্যোক্তাকে অংশগ্রহণ চুক্তি এবং লিখিত প্রতিশ্রূতি মোতাবেক উপযুক্ত প্রকল্প বাস্তবায়নে সক্ষম হতে হবে।

১৮. ‘পার্ট-বি’ এর ক্ষেত্রে উপযুক্ত উদ্যোক্তা নির্বাচনের জন্য প্রযোজ্য শর্তাবলী :

ক. উদ্যোক্তাকে আর্থিকভাবে স্বচ্ছল হতে হবে এবং ইট প্রস্তুত ও ইটভাটা পরিচালনা/নির্মাণ সামগ্রী প্রস্তুতের কাজে পূর্বের অভিজ্ঞতা থাকলে অস্থাধিকার দেয়া হবে।

খ. প্রস্তুতিত প্রকল্পের নির্মাণ ও পরিচালনার জন্য সন্তোষজনক ব্যবসায়িক কর্মপরিকল্পনা দাখিল করতে হবে।

গ. প্রকল্পের প্রাক্কলিত খরচের কমপক্ষে ৩০% উদ্যোক্তাকে প্রারম্ভিকভাবে বহন করতে হবে।

ঘ. আর্থিক ও বাণিজ্যিকভাবে সক্ষমতা অর্জনের জন্য ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃত প্রদত্ত শর্তগুলো পরিপালন করতে হবে।

ঙ. উদ্যোক্তাকে লিখিতভাবে প্রতিশ্রূতি দিতে হবে যে, তিনি Improved Zigzag Kiln, VSBK, HHK ও Tunnel Kiln এর স্বত্ত্বাধিকারী থাকবেন বা এ প্রকল্পই পরিচালনা করবেন এবং প্রকল্পের মেয়াদ শেষে Bull's Trench Kiln, Greenfield Zigzag Kiln বা FCK এর ন্যায় কম সক্ষমতাসম্পন্ন প্রকল্পের স্বত্ত্বাধিকারী হবেন না বা এ প্রকল্পগুলো পরিচালনা করবেন না।

চ. উদ্যোক্তাকে অংশগ্রহণ চুক্তি এবং লিখিত প্রতিশ্রূতি মোতাবেক উপযুক্ত প্রকল্প বাস্তবায়নে সক্ষম হতে হবে।

১৯. ঝপঝাইতা নির্বাচন, ঝণ মণ্ডুরী, ঝণ বিতরণ ও আদায়, দলিল সম্পাদন, ঝণের বিপরীতে বীমাকরণ, ঝণের সম্বুদ্ধতার নিশ্চিতকরণ ও তদারকির কার্যাদি ঝণ প্রদানকারী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের নিজস্ব বিধিবিধান অনুযায়ী পরিচালিত হবে। বিতরণকৃত ঝণ আদায়ের সকল দায়-দায়িত্ব ঝণ বিতরণকারী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের উপর ন্যস্ত থাকবে। ঝণ আদায়ের সাথে বাংলাদেশ ব্যাংকের পাওনা পরিশোধের কোন সম্পর্ক থাকবে না।

২০. পুনঃঅর্থায়ন সংক্রান্ত উল্লিখিত শর্তাদির প্রয়োজনীয় সংযোজন, বিয়োজন ও পরিমার্জনের অধিকার বাংলাদেশ ব্যাংক সংরক্ষণ করে।

২১. আলোচ্য তহবিলের আওতায় পুনঃঅর্থায়ন সুবিধা গ্রহণে আগ্রহী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানকে এতদুদ্দেশ্যে অংশগ্রহণ চুক্তিনামা (*Participation Agreement*), প্রতিশ্রূতিপত্র (ডি.পি. নেট), পুনঃঅর্থায়নের আবেদনপত্র (*application format with environmental and social safeguard check list*) ইত্যাদির নমুনা ত্রিন ব্যাংকিং এন্ড সিএসআর ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা এর ওয়েবসাইট (<http://www.bb.org.bd/aboutus/dept/depts.php>) থেকে সংগ্রহের পরামর্শ দেয়া যাচ্ছে।

এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(খন্দকার মোরশেদ মিল্লাত)

উপ-মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০২৯২

ফ্যাক্সঃ ৯৫৩০৩২৭

[morshed.millat@bb.org.bd](mailto:morshed.millat@bb.org.bd)